


শ্রকল্পের অবস্থান

ময়মনসিংহ



মাওনা ফ্লাইওভার
অবস্থান

মাওনা

জয়দেবপুর




এসডব্লিউও-পশ্চিম



বিশ্বমিষ্টাহির রাহমানির রাহিম



মাওনা ফ্লাইওভার শুভ উদ্বোধন



প্রধান অতিথি

শেখ হাসিনা

মাননীয় প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাস্তবায়নে
এসডব্লিউও-পশ্চিম, বাংলাদেশ সেনাবাহিনী
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

তারিখঃ ২৮ চৈত্র ১৪২১ বঙ্গাব্দ
১১ এপ্রিল ২০১৫ খ্রিস্টাব্দ

পটভূমি

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এর আওতাধীন সড়ক ও জনপথ অধিদপ্তরের তত্ত্বাবধানে বৃহত্তর ময়মনসিংহ অঞ্চলের সাথে রাজধানী ঢাকাসহ দেশের অন্যান্য স্থানের সড়ক যোগাযোগ ব্যবস্থা দ্রুততর, যানজটমুক্ত ও নিরাপদ করার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী প্রতিশ্রুত জয়দেবপুর-ময়মনসিংহ সড়ক উন্নয়ন প্রকল্পটি জুলাই ২০১০ সালে একনেক কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ১৮১৫.১২ কোটি টাকা। প্রকল্পের আওতায় জয়দেবপুর চৌরাস্তা থেকে ময়মনসিংহ মেডিকেল কলেজ মোড় পর্যন্ত ৮৭.১৮ কিলোমিটার মহাসড়ক ৪ লেনে উন্নীত করার কাজ দ্রুত এগিয়ে চলছে। প্রকল্পটি ৩০ জুন ২০১৫ তারিখে সমাপ্তির জন্য নির্ধারিত আছে। প্রকল্পটি ৪টি প্যাকেজের মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে। তন্মধ্যে প্যাকেজ নম্বর WI-1 ও প্যাকেজ নম্বর WI-2 এর আওতায় জয়দেবপুর চৌরাস্তা হতে নয়নপুর পর্যন্ত ৩০.২৫ কিলোমিটার মহাসড়ক বাংলাদেশ সেনাবাহিনীর স্পেশাল ওয়ার্কস অর্গানাইজেশন-পশ্চিম এর নিয়ন্ত্রণাধীন ১৭ ইসিবি কর্তৃক বাস্তবায়ন করা হচ্ছে।

প্যাকেজ নম্বর WI-3 ও প্যাকেজ নম্বর WI-4 সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক নিয়োজিত ঠিকাদার বাস্তবায়ন করছে। প্রকল্পের সার্বিক বাস্তবায়ন অগ্রগতি ৭৯%। প্যাকেজ নম্বর WI-2 এর আওতায় ২৭তম কিলোমিটারে মাওনা ফ্লাইওভারটি নির্মাণ করা হয়েছে। ফ্লাইওভারটির নির্মাণ ব্যয় প্রায় ৭০.২৩ কোটি টাকা। শ্রীপুর উপজেলা হতে কালিয়াকৈর উপজেলা সংযোগকারী আঞ্চলিক মহাসড়কের সাথে ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের সংযোগস্থল মাওনায় তীব্র যানজট নিত্যদিনের ঘটনা। যাত্রীদের এখানে যানজটে দীর্ঘ সময় অপেক্ষা করতে হয়। মাওনায় ফ্লাইওভারটি নির্মাণের ফলে এখন ফ্লাইওভারের উপর দিয়ে ঢাকা-ময়মনসিংহগামী যানবাহন এবং নিচ দিয়ে মাওনা-শ্রীপুরের যানবাহন নির্বিঘ্নে ও যানজটমুক্তভাবে সহজেই চলাচল করতে পারবে। ফ্লাইওভারটি নির্মিত হওয়ায় ময়মনসিংহ অঞ্চলের সাথে দেশের অন্যান্য এলাকার যান চলাচল নির্বিঘ্ন ও সময়-সাশ্রয়ী হবে এবং দেশের আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখবে।

প্রকল্প পরিদর্শন



নির্মাণ কাজ পরিদর্শন করছেন মাননীয় সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী



নির্মাণ কাজ পরিদর্শন করছেন মাননীয় সেনাবাহিনী প্রধান



নির্মাণ কাজ পরিদর্শন করছেন মাননীয় সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী



নির্মাণ কাজ পরিদর্শন করছেন মাননীয় ইঞ্জিনিয়ার ইন চীফ



নির্মাণ কাজ পরিদর্শন করছেন মাননীয় সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সচিব



প্রকল্প নির্মাণ কাজ তদারকি করছেন প্রকল্প পরিচালক



নির্মাণ কাজ পরিদর্শন করছেন মহাপরিচালক, এসডব্লিউও-পশ্চিম



প্রকল্প নির্মাণ কাজ তদারকি করছেন প্রকল্প উপ-পরিচালক

